

জরুরী রেফারালের ক্ষেত্রে রোগীদের জন্য তথ্য

এই তথ্যের কাগজটিতে বুঝিয়ে বলা হয়েছে যে আপনার জিপি বা ডেন্টিস্ট কেন আপনাকে হাসপাতালে রেফার করেছেন (হাসপাতালের কাছে আপনার নাম পাঠিয়েছেন), তার মানে কি এবং আপনার কি কি করার দরকার হবে।

আমাকে কেন জরুরী ভাবে হাসপাতালে রেফার করা হয়েছে?

আপনাকে জরুরী ভাবে রেফার করা হয়েছে কারণ আপনার জিপি বা ডেন্টিস্ট মনে করেন যে আপনার লক্ষণগুলির বিষয়ে আরও অনুসন্ধান করে দেখা উচিত এবং একজন বিশেষজ্ঞের কাছে আপনাকে রেফার করেছেন। প্রায়ই দেখা যায় এরকম অনেক অবস্থার কারণে এই লক্ষণগুলি হয়ে থাকতে পারে। এর মধ্যে ক্যান্সার হয়ে থাকার সম্ভাবনাও থাকতে পারে।

এই রেফারালটা জরুরী হওয়ার কারণে, এর মানে হচ্ছে যে দুই সপ্তাহের মধ্যে আপনাকে হাসপাতালে একটা এ্যাপয়েন্টমেন্ট (দেখা করার সময় ও তারিখ) দেওয়া হবে।

এর মানে কি এই যে আমার ক্যান্সার হয়েছে?

জরুরী ভাবে রেফার করার মানে এই নয় যে আপনার ক্যান্সারই হয়েছে। যেসব লোকদের জরুরী ভাবে রেফার করা হয় তাদের বেশীর ভাগেরই ক্যান্সার হয়নি। তবে, আপনাকে রেফার করা হয়েছে কারণ একজন বিশেষজ্ঞকে আপনার দেখানো দরকার অথবা তাড়াতাড়ি কিছু অনুসন্ধানের কাজ করা দরকার, যাতে আপনার কি হয়েছে তা জানতে সাহায্য হয়।

যদি ক্যান্সার হয়েছে বলে নির্ণয় করা হয়, তাহলে তাড়াতাড়ি রোগনির্ণয় করা নিশ্চিত করার মানে হচ্ছে যে চিকিৎসা আরও কার্যকরী হওয়ার সম্ভাবনা বেশী থাকবে এবং সেইজন্য রেফার করার ২ সপ্তাহের মধ্যে যাতে আপনাকে দেখা হয় তা গুরুত্বপূর্ণ।

আমার কি কি করা দরকার?

- আপনার জিপি বা ডেন্টিস্টের কাছে আপনার সঠিক ঠিকানা এবং আপনার যদি কোন মোবাইল নম্বর থাকে তাহলে সেটা সমেত সঠিক টেলিফোন নম্বর যাতে থাকে তা নিশ্চিত করবেন।
- আগামী দুই সপ্তাহের মধ্যে কোন এ্যাপয়েন্টমেন্টের জন্য যাতে আপনাকে পাওয়া যায় তা নিশ্চিত করবেন। আগামী দুই সপ্তাহের মধ্যে আপনি যদি কোন এ্যাপয়েন্টমেন্টে না যেতে পারেন, তাহলে তা দয়া করে আপনার জিপি বা ডেন্টিস্টকে জানাবেন।
- আপনার যদি কোন অনুবাদকের দরকার থাকে, তাহলে আপনার এ্যাপয়েন্টমেন্টের আগে সেটা সেই হাসপাতালকে জানিয়ে দেবেন।

- আপনি একবার আপনার জরুরী এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে রাজী হয়ে গেলে, আপনার সেটাতে যাওয়া গুরুত্বপূর্ণ, যাতে আপনার সেবায় কোন দেরী না হয়।
- আপনি যদি দু'বার আপনার হাসপাতালের এ্যাপয়েন্টমেন্ট না যান, তাহলে আপনাকে আপনার জিপি বা ডেন্টিস্টের কাছে ফেরত পাঠিয়ে দেওয়া হবে। অন্য কেউ যাতে এই এ্যাপয়েন্টমেন্টে আসতে পারেন, তার জন্য এটা করা হবে।

এর পরে কি হবে?

হাসপাতাল আপনাকে অল্প কয়েক দিনের মধ্যে হয় চিঠি লিখে, নয়ত টেলিফোন করে একটা এ্যাপয়েন্টমেন্ট পাঠাবে। আপনার জিপি বা ডেন্টিস্টের সাথে দেখা করার এক সপ্তাহের মধ্যে আপনি যদি কিছু শুনতে না পেয়ে থাকেন, তাহলে দয়া করে তাকে জানাবেন যে আপনি এখনও কোন এ্যাপয়েন্টমেন্ট পাননি।

আপনাকে একটা এ্যাপয়েন্টমেন্ট দেওয়ার পরে, আপনার সেটাতে যাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনি যদি আপনার এ্যাপয়েন্টমেন্টে না যেতে পারেন, তাহলে দয়া করে অবিলম্বে তা সেই হাসপাতালকে জানিয়ে দেবেন। তারপরে আপনার একটা বিকল্প এ্যাপয়েন্টমেন্টের বন্দোবস্ত করার দরকার হবে।

হাসপাতালে কি করা হবে?

আপনি যখন আপনার হাসপাতালের এ্যাপয়েন্টমেন্টে যাবেন, তখন সাধারণতঃ একজন বিশেষজ্ঞ আপনাকে দেখবেন। এর পরে কি হবে সে বিষয়ে তিনি আপনাকে আরও কিছু তথ্য বলে দেবেন। তাছাড়াও, আপনাকে হয়ত আরও কিছু পরীক্ষা করার দরকার হতে পারে। আপনার লক্ষণগুলি কি কারণে হচ্ছে তা বুঝতে এই পরীক্ষাগুলি আপনার বিশেষজ্ঞ এবং আপনার জিপি বা ডেন্টিস্ট, এই দু'জনকেই সাহায্য করবে। আপনার যদি কোন পরীক্ষা করানোর দরকার থাকে, তাহলে আপনার এ্যাপয়েন্টমেন্টের আগেই তা আপনাকে বলে দেওয়া হবে। কাজেই, আগে থেকে আপনাকে যা যা নির্দেশ দেওয়া হবে, সেগুলি আপনি যাতে মেনে চলেন তা দয়া করে নিশ্চিত করবেন।

আপনি আপনার সাথে কোন বন্ধু বা পরিবারের কোন সদস্যকে নিয়ে আসতে পারবেন, কারণ সেই ডাক্তারী টীম আপনার সাথে যে আলোচনা করবেন তা বুঝতে পারার বিষয়ে আপনার কোন চিন্তা থাকলে এতে আপনার সাহায্য হতে পারে।

কোন প্রশ্ন আছে কি?

আপনাকে হাসপাতালে পাঠানোর ব্যাপারে আপনার যদি কোন উদ্বেগ বা প্রশ্ন থাকে, তাহলে যে ব্যক্তি আপনাকে রেফার করছেন, তার সাথে কথা বলার উদ্দেশ্যে দয়া করে আপনার জিপির সার্জারীতে বা আপনার ডেন্টিস্টকে টেলিফোন করবেন।